

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
ফরম 'খ'
নিকাহ রেজিস্ট্রারের লাইসেন্স
www.lawjusticediv.gov.bd

নং-বিচার-৭/২ এন-৫২/২০১২-২৭০

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০
৩০ জুলাই ২০২৩

প্রাপক,

মো: আদিল হোসেন ভূঁইয়া আসিফ
জন্ম তারিখঃ ০১/০১/১৯৯৫ খ্রিঃ
পিতা: মোঃ আকবর হোসেন ভূঁইয়া
মাতা: রহিমা বেগম
মহল্লা-কাজীপাড়া, ডাকঘর-রাজাপাড়া
উপজেলা-কুমিল্লা সদর দক্ষিণ, জেলা-কুমিল্লা।

মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষষ্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ০২-২২৩৩৮৫৪৫৮।

নং-বিচার-৭/২ এন-৫২/২০১২-২৭০

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩০
৩০ জুলাই ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ০১। মহা-পরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪ আবদুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধসহ)
- ০৫। ম্যাক্সিমার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ০৭। জেলা রেজিস্ট্রার, কুমিল্লা।
- ০৮। সাব-রেজিস্ট্রার, সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল কপি।



(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব